**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Meeting:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যের সার্বিক অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে উন্নয়নমূলক গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে বিজেপি, আইপিএফটি ও তিপ্রা মথা দলের নেতৃত্বের সঙ্গে গতকাল একটি বৈঠকে মিলিত হন ।বৈঠকে উপস্থিত ছিলেন বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, তিপ্রা মথার চেয়ারম্যান প্রদ্যুত কিশোর মানিক্য দেববর্মা, আইপিএফটি-র রাজ্য সভাপতি প্রেম কুমার রিয়াং, মন্ত্রী অনিমেষ দেব্বর্মা-সহ অন্যান্য শীর্ষ নেতৃবৃন্দ। এই বৈঠকে রাজ্যের সার্বিক প্রবৃদ্ধি, পরিকাঠামোগত উন্নয়ন, জনজাতি কল্যাণ এবং আর্থ-সামাজিক ক্ষমতায়নের উপর দৃষ্টি রেখে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী ত্রিপুরার জনগণের বৃহত্তর কল্যাণে সমস্ত সহযোগী নেতৃত্বের সাথে সহযোগিতামূলক ভাবে কাজ করার জন্য রাজ্য সরকারের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করেছেন।

**************************

## Amit Shah-CM :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পহেলগাম হামলার পরিপ্রেক্ষিতে পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে তাদের দেশে ফেরত পাঠানোর জন্য মুখ্যমন্ত্রীদের নির্দেশ দিয়েছেন। ভারত পাকিস্তানি নাগরিকদের দেওয়া ভিসা বাতিল করার একদিন পর কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল সমস্ত মুখ্যমন্ত্রীদের সাথে কথা বলেন। তিনি মুখ্যমন্ত্রীদের তাদের রাজ্যে অবস্থানরত সমস্ত পাকিস্তানি

নাগরিকদের সনাক্ত করে তাদের দ্রুত পাকিস্তানে ফেরত পাঠানোর জন্য পদক্ষেপ নিতে বলেছেন।

**************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দেশের নিরাপত্তা রক্ষায় ভারতীয় সেনাবাহিনীর ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন| গতকাল রাজভবনে আয়োজিত এক সম্বর্ধনা অনুষ্ঠানে তিনি পহেলগাঁও-এর ঘটনার উল্লেখ করে উদ্বেগ প্রকাশ করেন| তিনি এই ঘটনায় নিহতদের প্রতি গভীর সমবেদনা জানান| রাজ্যপাল এন.সি.সি ক্যাডেটদের সম্পর্কে বলেন, তারা আগামীদিনে দেশের নিরাপত্তায় বলিষ্ঠ ভূমিকা নিতে পারে|

এই অনুষ্ঠানে ৩০৫ ফিল্ড রেজিমেন্ট, ২৮ আসাম রাইফেল ব্যাটেলিয়ন, শিলচর ও ত্রিপুরার এনসিসি ব্যাটলিয়ন এবং প্রজাতন্ত্র দিবসে অংশগ্রহণকারী এনসিসি ক্যাডেটদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়|

**************************

**CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রক্তদানের মত সামাজিক কর্তব্য পালনে নতুন প্রজন্মকে আরও বেশি করে এগিয়ে আসার জন্য উদ্বুদ্ধ করতে হবে। গতকাল আগরতলায় জেলা ও দায়রা জজ আদালত চত্বরে ডিড রাইটার্স অ্যাসোসিয়েশনের ৭০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রক্তদানের ক্ষেত্রে দেশের মধ্যে রাজ্যের বিশেষ সুনাম রয়েছে। তাই নিয়মিত রক্তদান শিবিরের আয়োজন করতে সমাজের সব অংশের মানুষকে এগিয়ে আসতে হবে। এই শিবিরে ১৯ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

**************************

**Offer Distribution:**

বিভিন্ন দপ্তরের অফার বিতরণ সংক্রান্ত আজকের কর্মসূচি অনিবার্য কারণ বশত স্থগিত রাখা হয়েছে। এই অনুষ্ঠানটি আগামীকাল রবিবার দুপুর ১২টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের এক নম্বর প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে।

**************************

**NEIDCL:**

উত্তর পূর্বাঞ্চল শিল্প উন্নয়ন নিগমের উদ্যোগে গতকাল আগরতলার রাজ্য অতিথিশালায় এক সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। শিবিরে রাজ্যের বিভিন্ন স্থান থেকে পাঁচ শতাধিক প্রতিনিধি অংশ নেন। সেখানে এক সাংবাদিক সম্মেলনে নিগমের চেয়ারম্যান শৈলেন্দ্র প্রতাপ সিং জানান, ত্রিপুরার হস্তকারু, রাবার ও বাঁশ ভিত্তিক বিভিন্ন শিল্প উদ্যোগ গড়ে তুলতে রাজ্যের যুবাদের দক্ষতা বিকাশে সহায়তা দেবে নিগম। তিনি বলেন, উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন সামগ্রী যেন বিশ্ববাজারে স্থান করে নিতে পারে সেই মিশন নিয়ে কাজ করছে নিগম। তিনি বলেন, এই অঞ্চলে শিশু পাচার রোধ, মানব পাচার রোধ এবং যুব সম্প্রদায়কে নেশার হাত থেকে দুরে রাখার লক্ষ্যেও কাজ করছেন তারা।

**************************

**Tripura University:**

জম্মু ও কাশ্মীরের পেহেলগাঁও সংগঠিত বৈরী হামলার পরিপ্রেক্ষিতে গতকাল ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এক প্রতিবাদ কর্মসূচির আয়োজন করা হয়| বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, গবেষক, অধ্যাপক এবং শিক্ষা কর্মীরা এই উপলক্ষ্যে আয়োজিত পদযাত্রায় অংশ নেন| পরে তারা একাডেমি বিল্ডিং-এর সামনে

সমবেত হয়ে এই ঘটনায় হতাহতদের পরিবারের প্রতি সংহতি প্রকাশ করেন এবং সন্ত্রাসবাদীদের নৃশংস আক্রমনের তীব্র প্রতিবাদ জানান|

**************************

**Tribute:**

ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে গতকাল সন্ধ্যায় কৈলাশহরের শ্রীরামপুরে কাশ্মীরের পেহেলগাঁও তে সন্ত্রাসী হামলায় নিহতদের স্মরনে একটি মৌন মিছিল অনুষ্ঠিত হয়।

অন্যদিকে বিশ্ব হিন্দু পরিষদের উদ্যোগেও কৈলাশহর পুর পরিষদ অফিস প্রাঙ্গনে নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।

এদিকে, গতকাল আগরতলায় সদর জেলা কংগ্রেসের পক্ষ থেকেও মৌন মিছিল বের করা হয়।

**************************

**ADC:**

এডিসি'র শিল্প দপ্তরের উদ্যোগে গতকাল ১১ কোটি টাকা ব্যয় করে ৫৮৭টি ভিলেজ কমিটির মধ্যে সুতা বিতরণ করা হয়েছে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিষদের প্রশাসনিক সংস্কার কমিটির চেয়ারম্যান প্রদ্যোৎবিক্রম কিশোর দেববর্মা, পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা, মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, সাংসদ কৃতি সিং দেবী প্রমুখ।

**************************

**Under 15 Cricket :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেটে গতকাল চারটি খেলা অনুষ্ঠিত হয়। উদয়পুরের মাঠে সদর-এ দল ৯ উইকেটে গন্ডাছড়াকে, তেলিয়ামুড়ার মাঠে খোয়াই ছয় উইকেটে কাঞ্চনপুরকে, সাব্রুমের মাঠে বিলোনীয়া ২ উইকেটে অমরপুরকে এবং শান্তিরবাজারের মাঠে উদয়পুর ৬ উইকেটে সাব্রুমকে পরাজিত করে।

**************************

**Weather:**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি| আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**************************